গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড,
বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র সংখ্যা-৫৮.০৪.০০০০.০২৬.০১.০০৪.২৪-১৬১ (৮২)

তারিখঃ ২৭ আষাঢ় ১৪৩১ বঃ
১১ জুলাই ২০২৪ খ্রিঃ

বিষয়ঃ সুরক্ষা সেবা বিভাগের অধীন অধিদপ্তরসমূহের প্রশিক্ষণ কোর্সে তথ্য অধিকার আইন, ২০০৯ অন্তর্ভুক্তকরণ।

সূত্রঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগের পত্র নং- ৫৮.০০.০০০০.০২৯.২২.০০১.২৪.৫, তারিখঃ ১০ জুলাই ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের নির্দেশনা মোতাবেক কারা অধিদপ্তরাধীণ প্রশিক্ষণ ইনস্টিটিউট/প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত সকল বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে এবং অভ্যন্তরীণ প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়নের সময় তথ্য অধিকার আইন, ২০০৯ অন্তর্ভূক্ত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে-০২ পাতা।

১১/৭/২৪
শেখ সুজাউর রহমান
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।

১। কমাড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কারা প্রশিক্ষণ ইন্সটিটিউট/পিআইইউ/আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থেঃ

১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ,সকল সদর দপ্তর।
২। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
নিরাপত্তা অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০২৯.২২.০০১.২৪.৫

তারিখ: ২৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
১০ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: সুরক্ষা সেবা বিভাগের অধীন অধিদপ্তরসমূহের প্রশিক্ষণ কোর্সে তথ্য অধিকার আইন, ২০০৯ অন্তর্ভুক্তকরণ ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং:০৪.০০.০০০০.৮২৩.৭১.০০১.২৪.৫১, তারিখ: ২৩/০৬/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে সংযুক্ত পত্রের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

১০-০৭-২০২৪
শরীফা আহমেদ
যুগ্মসচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর;
২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর;
৩। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং
৪। ব্রিগেডিয়ার জেনারেল কারা মহাপরিদর্শক, কারা মহাপরিদর্শকের দপ্তর, কারা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০২৯.২২.০০১.২৪.৫/১ (৩)

তারিখ: ২৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
১০ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ;
২। সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ এবং
৩। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ।

১০-০৭-২০২৪
শরীফা আহমেদ
যুগ্মসচিব

সকল সংযুক্তিসমূহ:

(১) তথ্য অধিকার আইন২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
তথ্য অধিকার অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২৩.৭১.০০১.২৪.৫১ তারিখ: ৯ আষাঢ় ১৪৩১
২৩ জুন ২০২৪

বিষয়: **মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার অধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা একাডেমির সকল প্রশিক্ষণ কোর্সে তথ্য অধিকার আইন, ২০০৯ অন্তর্ভুক্তকরণ এবং সকল দপ্তর বা সংস্থার সকল কর্মকর্তাকে তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ।**

সূত্র: তথ্য কমিশন বাংলাদেশ-এর ১৮ মার্চ ২০২৪ তারিখের ১৫.৫১.০০০০.৬০৪.০৮.০০১.১৮.৯২৪ নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে তথ্য কমিশন বাংলাদেশ-এ দায়েরকৃত অভিযোগের শুনানিকালে কমিশনের কাছে পরিলক্ষিত হয় যে, যথোপযুক্ত প্রশিক্ষণের অভাবে বিভিন্ন কর্তৃপক্ষের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নাগরিকগণের তথ্য প্রাপ্তির আবেদনের প্রেক্ষিতে যথানিয়মে সুনির্দিষ্টভাবে তথ্য প্রদানে ব্যর্থ হচ্ছেন। এতে নাগরিকগণ তথ্য প্রাপ্তির অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন যা বঙ্গবন্ধুর সোনার বাংলা এবং মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে একটি অন্তরায়। সে পরিপ্রেক্ষিতে, তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন প্রক্রিয়া ত্বরান্বিত করতে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশিক্ষণ কোর্সে এবং মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তরের অভ্যন্তরীণ প্রশিক্ষণে 'তথ্য অধিকার আইন, ২০০৯' সেশনভুক্ত করা হলে জনগণের তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিত করার ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ অধিকতর সঠিকতার সাথে দায়িত্ব পালনে সক্ষম হবেন মর্মে প্রতীয়মান হয়।

২। এমতাবস্থায়, মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার আওতাধীন প্রশিক্ষণ ইনস্টিটিউট/প্রতিষ্ঠান/একাডেমি কর্তৃক আয়োজিত বুনিয়াদিসহ সকল প্রশিক্ষণ কোর্সে এবং মন্ত্রণালয়/বিভাগসহ আওতাধীন সকল অধিদপ্তর/পরিদপ্তরের অভ্যন্তরীণ প্রশিক্ষণে 'তথ্য অধিকার আইন, ২০০৯' বিষয়টি অন্তর্ভুক্ত করার নিমিত্ত নির্দেশনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সূত্রোক্ত পত্র।

২৩-৬-২০২৪
মুহাম্মদ আসাদুল হক
উপসচিব
ফোন: ৪১০৫০১২৩
ফ্যাক্স: ৯৫১৩৩০২
ইমেইল: rti_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২৩.৭১.০০১.২৪.৫১/১(৪) তারিখ: ৯ আষাঢ় ১৪৩১
২৩ জুন ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, সচিব এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

২) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ

৩) সচিব, সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

৪) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ

২৩-৬-২০২৪

মুহাম্মদ আসাদুল হক

উপসচিব